রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

সোমবার, ডিসেম্বর ১৪, ১৯৮৭

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

প্রধান মন্ত্রীর সচিবালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে অগ্রহায়ণ, ১৩৯৪/১৪ই ডিসেম্বর, ১৯৮৭

নং এস, আর, ও ২৮৭-আইন/৮৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরনাম।—এই বিধিমালা প্রধান মন্ত্রীর সচিবালয়ের নন-ক্যাডার গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৮৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায় :

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল;

(গ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা কোন পদে নিয়োগদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন কর্মকর্তা;



মূল্য : ৬০ পয়সা

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে বর্ণিত কোন পদের যোগ্যতা;

(চ) "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং সরকার কর্তৃক ক্ষেত্রমত, কমিশনের সহিত পরামর্শক্রমে, এতদুদ্দেশ্য স্বীকৃত অন্য কোন শিক্ষা বোর্ড;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং সরকার কর্তৃক ক্ষেত্রমত, কমিশনের সহিত পরামর্শক্রমে, এতদুদ্দেশ্য স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়।

৩। নিয়োগ পদ্ধতি, ইত্যাদি।—(১) তফসিলে বর্ণিত বিধানাবলী সাপেক্ষে কোন নির্দিষ্ট পদে নিম্নে বিবৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে,

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে ।

(২) সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত প্রয়োজনীয় যোগ্যতা না থাকিলে কোন ব্যক্তিকে উক্ত পদে নিয়োগ করা যাইবে না।

(৩) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, কোন ব্যক্তির বয়স তফসিলে বর্ণিত সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত বয়স সীমার মধ্যে না হইলে তাঁহাকে উক্ত পদে নিয়োগ করা যাইবে না।

৪। সরাসরি নিয়োগ।—(১) Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979-এর বিধানাবলী সাপেক্ষে, কমিশনের অথবা ক্ষেত্রমত সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সংশ্লিষ্ট পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগের মাধ্যমে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি না—

(ক) স্বাস্থ্য অধিদপ্তরের মহা পরিচালক কর্তৃক গঠিত সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড বা উক্ত মহা-পরিচালক কর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে সুস্থ এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) সরকার কর্তৃক নির্ধারিত এজেন্সির মাধ্যমে তদন্তের ফলে দেখা যায় যে, তাঁহার পূর্ব কার্যাকলাপ সন্তোষজনক ছিল এবং প্রজাতন্ত্রের চাকুরীতে তাঁহার নিযুক্তির ব্যাপারে আপত্তির কোন কারণ নাই।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি-সহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী কিংবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকা অবস্থায় স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) চাকুরীর রেকর্ড সন্তোষজনক না হইলে কোন ব্যক্তি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

৬। শিক্ষানবিস।—(১) কোন প্রকৃত শূন্য পদের জন্য বাঁছাইকৃত ব্যক্তিকে নিয়োগের তারিখ হইতে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এক বৎসরের জন্য;

শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসি মেয়াদ এক বা একাধিক বারে সর্বসাকুল্যে দুই বৎসর পর্যন্ত বর্দ্ধিত করিতে পারেন।

(২) কোন ব্যক্তির শিক্ষানবিসি মেয়াদ চলাকালে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ যদি মনে করে যে, উক্ত ব্যক্তির আচরণ ও কর্ম সন্তোষজনক নহে এবং তাঁহার কর্মদক্ষতা বৃদ্ধির কোন সম্ভাবনাও নাই, সেক্ষেত্রে উক্ত নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত ব্যক্তির চাকুরীর অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে উক্ত ব্যক্তিকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে পদাবনত করিতে পারিবে।

(৩) বর্দ্ধিত মেয়াদ থাকিলে উহাসহ শিক্ষানবিসির মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি কোন ব্যক্তির শিক্ষানবিসি সময়কালের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল বলিয়া বিবেচনা করে, তাহা হইলে, উপ-বিধি (৪)-এর বিধান সাপেক্ষে তাঁহাকে চাকুরীতে স্থায়ী করিবে, অন্যথায়—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, উক্ত ব্যক্তির চাকুরীর অবসান ঘটাইতে পারিবে;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত ব্যক্তিকে যে পদে হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে পদাবনত করিতে পারিবে।

(৪) সরকারী আদেশ বলে গৃহীত পরীক্ষা বা প্রশিক্ষণে কোন শিক্ষানবিসি উত্তীর্ণ হইতে না পারিলে তাঁহাকে স্থায়ী করা হইবে না।

## তফসিল

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রশাসনিক কর্মকর্তা | সর্বোচ্চ ৩০ বৎসর | প্রধান সহকারী হইতে পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি জন্য: ফিডার পদে ৫ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের জন্য: আঙ্ক প্রশাসনে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২ | প্রধান সহকারী | .. | হিসাব রক্ষক, উচ্চমান সহকারী, শাখা সহকারী এবং সহকারীদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষক পদে ৩ বৎসর চাকুরীসহ ফিডার পদ বা পদসমূহে ৭ বৎসরের চাকুরী। |
| ৩ | হিসাব রক্ষক | সর্বোচ্চ ২৭ বৎসর | উচ্চমান সহকারী, শাখা সহকারী, সহকারী এবং ক্যাশিয়ারদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: ক্যাশিয়ার হিসাবে ১ বৎসরের চাকুরীসহ ফিডার পদ বা পদসমূহে ৫ বৎসর চাকুরী। সরাসরি নিয়োগের জন্য: হিসাবের কাজে অভিজ্ঞতাসহ, বাণিজ্য বিষয়ে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | উচ্চমান সহকারী/শাখা সহকারী। | ঐ | (ক) ২৫% পদ জ্যেষ্ঠতা ও মেধার ভিত্তিতে নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ১০% পদ জ্যেষ্ঠতা ও মেধার ভিত্তিতে মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(গ) ১৫% পদ জ্যেষ্ঠতা ও মেধার ভিত্তিতে সাঁট-মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে; এবং<br>(ঘ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য:<br>ফিডার পদ বা পদসমূহে ৫ বৎসরের চাকুরী।<br><br>সরাসরি নিয়োগের জন্য:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী। |
| ৫ | সাঁটলিপিকার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ডের উচ্চমান মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ,<br>(খ) সাঁটলিপিকার গতি প্রতি মিনিটে ১০০ শব্দ এবং<br>(গ) ইংরেজী ও বাংলা মুদ্রাক্ষরে গতি যথাক্রমে প্রতি মিনিটে ৩৫ ও ৩০ শব্দ। |
| ৬ | সাঁট-মুদ্রাক্ষরিক | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ,<br>(খ) সাঁটলিপিকার গতি প্রতি মিনিটে ৮০ শব্দ এবং<br>(গ) ইংরেজী ও বাংলা মুদ্রাক্ষরে গতি প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। |

| ক্রমিক নং। | পদের নাম | সরাসরি নিয়োগের বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৭ | ক্যাশিয়ার | সর্বোচ্চ ২৭ বৎসর | নিম্নমান সহকারী, নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিকদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতির জন্য কোন উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য:<br>ফিডার পদ বা পদসমূহে ৩ বৎসরের চাকুরী, সরকারী বিধি অনুযায়ী অবশ্যই জামানত প্রদান করিতে হইবে।<br><br>সরাসরি নিয়োগের জন্য:<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রী, সরকারী বিধি অনুযায়ী অবশ্যই জামানত প্রদান করিতে হইবে। |
| ৮ | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/মুদ্রাক্ষরিক। | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | (১) কোন স্বীকৃত বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(২) মুদ্রাক্ষরে গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ। |
| ৯ | ড্রাইভার | ঐ | কেন্দ্রীয় পরিবহণ পুল হইতে প্রেষণে বদলীর মাধ্যমে। | |
| ১০ | গেস্টেটনার অপারেটর | সর্বোচ্চ ২৭ বৎসর | এম,এল,এস, এসদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য:<br>গেস্টেটনার মেশিন চালানোর অভিজ্ঞতাসহ ফিডার পদে ৩ বৎসরের চাকুরী।<br><br>সরাসরি নিয়োগের জন্য:<br>গেস্টেটনার মেশিন চালানোর অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | ক্যাশ সরকার | ঐ | এম,এল,এস,এসদের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে,সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য: ফিডার পদে ৩ বৎসরের চাকুরী। সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃত বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২ | এম,এল,এস,এস | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ তবে অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, মালিক

ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।